0 6 MAR 1991

তারিখ ...0 6 MAR 1991 ... ...
পৃষ্ঠা ... ১ ... ... কলাম ... ৫ ...

দৈনিক সংবাদ

১৯২

২০

## ডাঃ মিলনের নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবাসিক হল নির্মিত হবে

স্বৈরতন্ত্রের বিরুদ্ধে সাম্প্রতিক গণআন্দোলনে নিহত ডাঃ শামসুল আলম খানের নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্য একটি নতুন আবাসিক হল নির্মাণ করা হবে। খবর বাসস'র।

সর্বদলীয় ছাত্রঐক্যের ১১ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল মঙ্গলবার সন্ধ্যায় অস্থায়ী রাষ্ট্রপতি শাহ্‌বুদ্দিন আহমদের সঙ্গে তার সরকারী বাসভবনে দেখা করলে একথা জানানো হয়।

অবাধ ও নিরপেক্ষভাবে সংসদ

( শেষ পৃঃ ৪—এর কঃ দ্রঃ )

## ডাঃ মিলনের নামে

(১ম পাতার পর)

নির্বাচন অনুষ্ঠানের জন্য ছাত্রনেতারা অস্থায়ী রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানান। তারা বলেন, নির্বাচনের দিন শান্তি-শৃংখলা বজায় রাখার জন্য ছাত্র ব্রিগেড গঠন করা হয়েছিল।

ছাত্রনেতারা অস্থায়ী রাষ্ট্রপতিকে আরো জানান যে, তার নেতৃত্বে যে অন্তর্বর্তীকালীন সরকার গঠন করা হয়েছে তার লক্ষ্যসমূহ অর্জনে তারা তাদের দায়িত্ব পালন করে যাবেন। ছাত্রনেতারা অবশ্য বলেন, তাদের কিছু দাবী-দাওয়া এখনও পূরণ হয়নি।

বিচারপতি শাহাবুদ্দিন আহমদ নির্বাচনে সর্বদলীয় ছাত্রঐক্যের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। তিনি উল্লেখ করেন যে, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্র মজহারের চিকিৎসার খরচের জন্য সাহায্যের আবেদনটি তার সক্রিয় বিবেচনায় রয়েছে। গণআন্দোলনের সময় একটি ঘটনায় ডাঃ মিলন নিহত এবং মজহার আহতহন।